

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং ২৭

পৌষ ১৬, ১৪১৭ বাং
তারিখ : -----

ডিসেম্বর ৩০, ২০১০ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**রপ্তানি খাতের উন্নয়নে সরকার কর্তৃক ঘোষিত দ্বিতীয় প্রণোদনা
প্যাকেজের গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে নভেম্বর ০৯, ২০১০ তারিখের এফ,ই সার্কুলার নং ২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, বিজিএমইএ, বিকেএমইএ ও বিটিএমএ সদস্য মিল ছাড়াও বিটিটিএলএমইএ এর সদস্যভুক্ত বস্ত্র মিলও সরকারী সিদ্ধান্ত অনুযায়ী ২০১০-২০১১ অর্থবছরে অতিরিক্ত নগদ সহায়তা পাওয়ার যোগ্য হইবে। এতদপ্রেক্ষিতে আলোচ্য সার্কুলারের ০৩ নং অনুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হইল :

“বিজিএমইএ ও বিকেএমইএ ছাড়াও বিটিএমএ ও বিটিটিএলএমইএ সদস্য মিলের মধ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান রহিয়াছে যাহাদের ২০০৮-২০০৯ অর্থ বছরের রপ্তানি ৩.৫ মিলিয়ন মার্কিন ডলারের কম। বিটিএমএ ও বিটিটিএলএমইএ কর্তৃক সরবরাহকৃত তালিকা অনুযায়ী এই সকল বস্ত্র মিলও অতিরিক্ত নগদ সহায়তা পাওয়ার যোগ্য হইবে বিধায় ক্ষুদ্র ও মাঝারি বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হওয়া সম্পর্কে বিজিএমইএ ও বিকেএমইএ এর পাশাপাশি বিটিএমএ ও বিটিটিএলএমইএ কে প্রত্যয়ন সনদ ইস্যুর ক্ষমতা অর্পণ করা হইল।”

০২। এতদ্ব্যতীত আলোচ্য সার্কুলারে জ্ঞাপিত অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকিবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫